

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম  
নিলাম শাখা।

Website: [www.chc.gov.bd](http://www.chc.gov.bd)

**E-Auction (টেন্ডার সেল নং-০১/২০২৫) বিজ্ঞপ্তি**

চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে রক্ষিত আমদানিকৃত অ-খালাসকৃত, আটককৃত ও বাজেয়াপ্তকৃত বিভিন্ন প্রকার মালামাল যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে দরপত্র দাখিলে আত্রহী নিলাম ক্রেতাগণ আগামী ২৭.০১.২০২৪ খ্রি. সকাল ৯.০০ টা হতে ১২.০২.২০২৫ খ্রি. দুপুর ২.০০ টা পর্যন্ত [www.bangladeshcustoms.gov.bd](http://www.bangladeshcustoms.gov.bd), [www.chc.gov.bd](http://www.chc.gov.bd), [www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd) ওয়েবসাইটে উল্লিখিত E-Auction Software (103.48.18.166/auction/301) এ রেজিস্ট্রেশন করে উক্ত নিলামে অংশগ্রহণ করতে পারবেন। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ও হালনাগাদ আয়কর সনদ এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন সনদ ও হালনাগাদ আয়কর সনদ থাকতে হবে। দরদাতাকে কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত যেকোন তফসিলি ব্যাংক হতে “কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম” এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করতে হবে। স্ক্যানকৃত পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য দলিলাদি নির্ধারিত সময় (১২.০২.২০২৫ তারিখ দুপুর ২.০০ টা) এর মধ্যে সীলগালাযুক্ত খামে নিলাম শাখায় রক্ষিত বাক্সে অবশ্যই দাখিল/জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পে-অর্ডারের মূল কপি জমা প্রদানে ব্যর্থ হলে অনলাইনে দাখিলকৃত দর বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর শর্ত প্রতিপালন, রীট মামলা যাচাই ও অন্যান্য প্রযোজ্য শর্তাদি প্রতিপালন সাপেক্ষে পণ্যচালান খালাসযোগ্য। এছাড়া, সর্বোচ্চ দর মূল্যের উপর সরকারি বিধি অনুযায়ী প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।

পণ্য পরিদর্শনের তারিখ : লটভুক্ত মালামাল আগামী ২৮.০১.২০২৫ খ্রি. থেকে ৩০.০১.২০২৫ খ্রি. তারিখ সকাল ৯.৩০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে।

সংশোধনী তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) : ০৯.০২.২০২৫ খ্রি.।

প্রাথমিক তথ্যের জন্য ১৬১৩৪ অথবা জনাব মোঃ সাদ্দাম হোসাইন, সহকারী রাজস্ব কর্মকর্তা, মোবাইল নং-০১৯২৯-৬৫২০৮৪, জনাব বিজন কুমার তালুকদার, রাজস্ব কর্মকর্তা, মোবাইল নং-০১৭১৮-১১৫১৪৭ এবং নিলামকারী প্রতিষ্ঠান: মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্রিয়াড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (জনাব আমিনুর রহমান মানিক, মোবাইল: ০১৭১১-৪৪৮৭০৬, জনাব মোহাম্মদ মোরশেদ, মোবাইল: ০১৮২৪-৯৮৫২১৪) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ- যেকোন কোটেশন গ্রহণ/বাতিল করার ক্ষমতা কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম সংরক্ষণ করেন।

  
মোঃ সাকিব হোসেন

অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস